



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/০৬/গাজী/ন ৮৮

তারিখ : ০৬/০২/২০২২

বিষয় : মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৭/২০২২ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০১০.২১.১৮৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ০১/০১/২০২২ তারিখ হতে পরবর্তী ৩ (তিন) বছরের জন্য মানবিক শাখায় মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং পদস্ত মেয়াদকালের মধ্যে স্বীকৃতির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

শর্তসমূহ

- ১। নবম শ্রেণি খোলার অনুমতিকে কোন অবস্থাতে স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- ২। বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
- ৩। নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষক প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ৪। বিদ্যালয়ের কোড নম্বরপ্রাপ্তির জন্য বিদ্যালয়ের নাম ও ঠিকানা ইংরেজি ক্যাপিটাল লেটারে লিখে বোর্ডে দাখিল করতে হবে।
- ৫। বিদ্যালয়ের নবম/২০২২ সনের ছাত্র-ছাত্রীদের নাম রেজিস্ট্রেশনের জন্য বোর্ডে যোগাযোগ করতে হবে।
- ৬। **স্টাফিং প্যাটার্ন অনুযায়ী বিদ্যালয়ে নিবন্ধনকৃত শিক্ষক নিয়োগ করতে হবে।**
- ৭। বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থী ও ফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত হলে মাধ্যমিক একাডেমিক স্বীকৃতি প্রদানের বিষয় বিবেচনা করা হবে।
- ৮। বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের টাকা বোর্ডের অনুমতি ব্যতীত উত্তোলন করা যাবে না।
- ৯। বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করাসহ শিক্ষার গুণগত মান বৃদ্ধি করতে হবে।
- ১০। বিদ্যালয়ের আঙ্গিনায় ছোট-বড় বৃক্ষ রোপণ করে পরিচর্যা ব্যবস্থা করতে হবে।
- ১১। সরকারি নির্দেশনা অনুযায়ী এবং এনসিটিবি কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
- ১২। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- ১৩। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ১৪। বিদ্যালয়ে স্কাউটিং/গার্লস গাইড প্রবর্তন করে নিয়মিত খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতা, সাংস্কৃতিক কার্যক্রমসহ অন্যান্য সহ-পাঠ্যক্রম কার্যাদির বার্ষিক রিপোর্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বোর্ডে পাঠাতে হবে।
- ১৫। নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণ জমি থাকতে হবে এবং উক্ত জমি বিদ্যালয়ের নামে খতিয়ান ও হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে।
- ১৬। **কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যেকোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।**
- ১৭। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/

প্রফেসর মোহাম্মদ আবুল মনজুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক

বাঁশবাড়ী আদর্শ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়

পোঃ- নিজ মাওনা, উপজেলা- শ্রীপুর

জেলা- গাজীপুর।

মেমো নং- ন ৮৮ (১০)

তারিখ : ০৬/০২/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা ভবন, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর।
- ৭। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৮। জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।


০৬/০২/২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।


০৬/০২/২০২২